গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
শৃঙ্খলা-৩ শাখা
www.moha.gov.bd

নং-৪৪.০০.০০০০.০০০.২৩৬.২৭.০০০৫.২৫.২০

তারিখ: ২৯ চৈত্র, ১৪৩২
১২ এপ্রিল, ২০২৬

**প্রজ্ঞাপন**

যেহেতু, জনাব মোঃ আব্দুল্লাহেল আল-আমিন, উপ-তত্ত্বাবধায়ক, খুলনা জেলা কারাগার; তিনি কুমিল্লা কেন্দ্রীয় কারাগারে জেলার হিসেবে কর্মকালীন তাঁর বিরুদ্ধে গত ২৮.১১.২০২৪ তারিখ দৈনিক যুগান্তর পত্রিকায় 'রাষ্ট্রপক্ষের স্থগিতাদেশ উপেক্ষা, কুমিল্লায় ফাঁসির দুই আসামী ছেড়ে দিলেন জেলার' শিরোনামে প্রকাশিত সংবাদের ভিত্তিতে কারা-উপ মহাপরিদর্শক, চট্টগ্রাম বিভাগ কর্তৃক গঠিত তদন্ত কমিটির প্রতিবেদনে তাঁর দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা প্রমাণিত হয়;

০২। যেহেতু, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, লক্ষ্মীপুর এর ১৩৩/২০১৫ নং মামলায় গত ২৯.০৩.২০১৭ তারিখের রায়ে ০৪(চার) জন আসামীকে মৃত্যুদন্ডাদেশ প্রদান করা হয়। মৃত্যুদন্ডাদেশপ্রাপ্ত উক্ত আসামীদের মধ্য হতে দু'জনকে (কয়েদি নং-৮৫৯০/এ ছানা উল্যা এবং কয়েদি নং-৮৫৯১/এ আব্দুর রহিম) লক্ষ্মীপুর জেলা কারাগার হতে ১৩.০৪.২০১৭ তারিখে কুমিল্লা কেন্দ্রীয় কারাগারে স্থানান্তর করা হয়। নারী ও শিশু নির্যাতন মামলা নং-১৩৩/২০১৫ এর ২৯.০৩.২০১৭ তারিখের রায়ের বিষয়ে রাষ্ট্র পক্ষ হাইকোর্ট বিভাগে ডেথ রেফারেন্স নং- ৪১/২০১৭ দায়ের করে। অপর দিকে মৃত্যুদন্ডাদেশ প্রাপ্ত উক্ত চারজন বন্দি ক্রিমিনাল আপিল নং-৩৬১৩/২০১৭ এবং জেল আপিল নং- ১৬০/২০১৭, ১৬১/২০১৭, ১৬২/২০১৭ ও ১৬৩/২০১৭ দায়ের করেন। উক্ত মামলাসমূহের পরিপ্রেক্ষিতে হাইকোর্ট বিভাগ গত ১১.১০.২০২২ তারিখের রায়ে ০৪ (চার) জন মৃত্যুদন্ডাদেশপ্রাপ্ত বন্দিকে বেকসুর খালাস প্রদান করে। হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত ১১.১০.২০২২ তারিখের রায়ের বিরুদ্ধে রাষ্ট্রপক্ষ আপিল বিভাগে ১৪৮৬/২০২২ নং ক্রিমিনাল মিস পিটিশন দায়ের করে। আপিল বিভাগের বিচারক হাইকোর্ট প্রদত্ত ১১.১০.২০২২ তারিখের রায়কে গত ২৪.১০.২০২২ তারিখের আদেশে ০৮ (আট) সপ্তাহের জন্য স্থগিত করেন এবং রাষ্ট্রপক্ষকে উক্ত বিষয়ে নিয়মিত ফাইল করার জন্য নির্দেশ প্রদান করেন। উক্ত আদেশটি মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগের মেমো নং-১৬০৭৭/২২ তারিখ: ৩০.১০.২০২২ মূলে কুমিল্লা কারাগারে প্রেরণ করা হয়। কুমিল্লা কেন্দ্রীয় কারাগারের রেকর্ড অনুযায়ী গত ০২.১১.২০২২ তারিখে আদেশটি কারাগার কর্তৃক গৃহীত হয়েছে এবং আসামীদেরকে কয়েদি হিসেবে ১২.১১.২০২৪ তারিখ পর্যন্ত কারাগারে আটক রাখা হয়;

০৩। যেহেতু, ১৩৩/২০১৫ নং মামলায় মৃত্যুদন্ডাদেশপ্রাপ্ত ০৪ (চার) জন আসামিকে হাইকোর্ট বিভাগের মামলাসমূহ যথা: ডেথ রেফারেন্স নং ৪১/২০১৭, ক্রিমিনাল আপীল নং ৩৬/২০১৭, জেল আপীল নং ১৬০/২০১৭, ১৬১/২০১৭, ১৬২/২০১৭ ও ১৬৩/২০১৭ এর ১১.১০.২০২২ তারিখের রায়ে প্রদত্ত মুক্তির আদেশটি লক্ষ্মীপুর জেলা কারাগারের মাধ্যমে গত ১২/১১/২০২৪ তারিখে কুমিল্লা কারাগারে পৌঁছে এবং গৃহীত হয় (স্মারক নং-৪০১৮ তারিখঃ ০৯/১১/২০২৪ মূলে)। তাঁর নিকট আপিল বিভাগের ১৪৮৬/২০২২ নং ক্রিমিনাল মিস পিটিশনে ২৪.১০.২০২২ তারিখে প্রদত্ত ০৮ (আট) সপ্তাহের স্থগিতাদেশটি থাকা সত্ত্বেও মৃত্যুদণ্ডাদেশপ্রাপ্ত ০৪ (চার) জন বন্দির মধ্যে তাঁর কারাগারে আটক ০২ (দুই) জন বন্দিকে সিনিয়র জেল সুপারের অনুপস্থিতিতে গত ১২.১১.২০২৪ তারিখে তিনি মুক্তি প্রদান করেছেন। একই মামলায় অপর ০২ (দুই) জন বন্দি কাশিমপুর হাইসিকিউরিটি কেন্দ্রীয় কারাগার, গাজীপুরে আটক থাকেন;

০৪। যেহেতু, ডেপুটি জেলার জনাব তৌহিদুল ইসলাম এবং অন্যান্য কর্মচারীগণ তাঁকে ফাইলে থাকা ২০২২ সালের Stay order-এ "Stay for eight weeks" লেখা আদেশ এবং পরবর্তীতে উক্ত স্থগিতাদেশ বর্ধিতকরণের কোন আদেশ না থাকার বিষয়ে তাঁকে অবগত করা হলে তিনি তাঁদেরকে বলেন, স্থগিতাদেশের মেয়াদ শেষ হয়ে গেছে। তিনি আপিল বিভাগের ১৪৮৬/২০২২ নং ক্রিমিনাল মিস পিটিশন মামলায় গত ২৪.১০.২০২২ তারিখে প্রদত্ত ০৮ (আট) সপ্তাহের স্থগিত আদেশকে মেয়াদ উত্তীর্ণ আদেশ আখ্যা দিয়ে ০২ (দুই) জন মৃত্যুদণ্ডাদেশপ্রাপ্ত বন্দিকে মুক্তি প্রদান করে কর্তব্যে চরম অবহেলা প্রদর্শন করেন এবং সরকারি আদেশ অবজ্ঞা করেন;

০৫। যেহেতু, জনাব মোঃ আব্দুল্লাহেল আল-আমিন উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর শামিল। তাঁর এহেন আচরণের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী তাকে **'অসদাচরণ'** এর দায়ে অভিযুক্ত করে বিভাগীয় মামলা-০৭/২০২৫ নম্বর রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়। অভিযুক্ত গত ০২-০৬-২০২৫ তারিখে বর্ণিত অভিযোগের বিষয়ে জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন।গত ০৯-০৭-২০২৫ তারিখ তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

০৬। যেহেতু, গত ০৬-০৮-২০২৫ তারিখে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা তাঁর দাখিলকৃত প্রতিবেদনে জনাব মোঃ আব্দুল্লাহেল আল আমিন- এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগটি প্রমাণিত মর্মে মতামত প্রদান করেন;

পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য

পূর্ববর্তী পৃষ্ঠার পর

০৭। যেহেতু, তদন্ত প্রতিবেদন, তথ্য প্রমাণ এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে আনীত "অসদাচরণ"এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩) (ক) বিধি অনুযায়ী তাকে "০২ (দুই) বছরের জন্য নিম্নপদে অবনমিতকরণ" সূচক গুরুদন্ড প্রদানের বিষয়ে প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণক্রমে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারি করে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের নির্দেশ দেওয়া হয়।

০৮। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ২৮-০৯-২০২৫ তারিখে দ্বিতীয় কারণ দর্শানোর লিখিত জবাব দাখিল করেন। জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় জনাব মোঃ আব্দুল্লাহেল আল আমিন-কে "০২ (দুই) বছরের জন্য নিম্নপদে অবনমিতকরণ" সূচক গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত বহাল রাখা হয়;

০৯। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(১০) এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন (পরামর্শকরণ) প্রবিধানমালা, ১৯৭৯ এর প্রবিধি-৬ অনুযায়ী "০২ (দুই) বছরের জন্য নিম্নপদে অবনমিতকরণ"এর বিষয়ে পরামর্শ গ্রহণের জন্য গত ২৩.১০.২০২৫ তারিখে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ে পত্র প্রেরণ করা হয়;

১০। যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন অভিযুক্ত কর্মকর্তাকে "০২ (দুই) বছরের জন্য নিম্নপদে অবনমিতকরণ" গুরুদণ্ড আরোপ করা যায় মর্মে পরামর্শ প্রদান করে;

১১। সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩ (খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪ (৩) (ক) বিধি মোতাবেক জনাব মোঃ আব্দুল্লাহেল আল আমিন, উপ-তত্ত্বাবধায়ক, খুলনা জেলা কারাগার (সাবেক জেলার, কুমিল্লা কেন্দ্রীয় কারাগার)-কে **"০২ (দুই) বছরের জন্য নিম্নপদে অবনমিতকরণ"** সূচক গুরুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১২|৪|২৬

মনজুর মোর্শেদ চৌধুরী
সিনিয়র সচিব

নম্বর- ৪৪.০০.০০০০.০০০.২৩৬.২৭.০০০৫.২৫. ২০

তারিখ: ২৯ চৈত্র, ১৪৩২
১২ এপ্রিল, ২০২৬

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, বকশী বাজার, ঢাকা
২। অতিরিক্ত সচিব (কারা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
৪। উপসচিব, কারা-১ শাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার,স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা,ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৭। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (গেজেটেড পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
৮। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৯। জনাব মোঃ আব্দুল্লাহেল আল আমিন, উপ-তত্ত্বাবধায়ক, খুলনা জেলা কারাগার (সাবেক জেলার, কুমিল্লা কেন্দ্রীয় কারাগার)
১০। যুগ্মসচিব (শৃঙ্খলা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১। অফিস কপি/মাস্টার কপি

১২-৪-২০২৬

মোহাম্মদ মিজানুর রহমান তালুকদার
উপসচিব